বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

## নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস.এম.মাসুদুর রহমান (যুগ্ম সচিব)<br>পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা। |
| তারিখ | : | ১৭/০৫/২০২১ খ্রি. । |
| সময় | : | সকাল ১০:০০ টা । |
| সভার স্থান | : | পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ । |

**সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট ক সদয় দ্রষ্টব্য ।**

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বিআরডিবি'র NIS-টিমের সদস্য সচিব ও উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) কে সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় জানান যে, বিগত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২১) এর সকল সিদ্ধান্ত প্রতিপালন করা হয়েছে। অতঃপর বিআরডিবি সদর কার্যালয় ও জেলাদপ্তরসমূহের ২০২০-২০২১ অর্থবছরের NIS এর ৪র্থ ত্রৈমাসিক এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন কিভাবে নিশ্চিত করা যায় সেবিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত ও নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করেন এবং ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর সভায় উপস্থাপন করেন। সভাপতি NIS-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে শাখা/জেলাদপ্তরসমূহের NIS সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২০-২০২১ এর ১০.১ নং সূচকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অনুসারে আগামী ২৫ জুন ২০২১ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭, মন্ত্রীপরিষদ বিভাগের ১৩ মার্চ, ২০১৮ তারিখের ০১.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ নম্বর স্পষ্টীকরণ পত্র মোতাবেক বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র সদর কার্যালয় ও মাঠকার্যালয়ে কর্মরত কর্মচারীদের মধ্যে হতে সৎ ও যোগ্য কর্মচারী নির্বাচন করে পুরস্কার প্রদান নিশ্চিত করতে হবে।

শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটির সম্মানী বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় বলা হয় যে, সদর কার্যালয়ের শুদ্ধচার পুরস্কার প্রদান কমিটির সভাপতি'র সম্মানী ৪,০০০/- (চার হাজার) টাকা ও সদস্যদের সম্মানী ২,০০০/-(দুই হাজার) টাকা হারে প্রদান করা যেতে পারে। মাঠকার্যালয়ের শুদ্ধচার পুরস্কার প্রদান যে কমিটি রয়েছে সেখানে মহাপরিচালক, বিআরডিবিকে উপদেষ্টা হিসেবে অন্তভুক্ত করা যেতে পারে। সেক্ষেত্রে মাঠকার্যালয়ের শুদ্ধচার পুরস্কার প্রদান কমিটির উপদেষ্টার সম্মানী ৪,০০০/- (চার হাজার) টাকা, সভাপতি'র সম্মানী ৩,০০০/- (তিন হাজার) টাকা ও সদস্যদের সম্মানী ২,০০০/-(দুই হাজার) টাকা নির্ধারণ করা যেতে পারে। অতঃপর বিআরডিবি সদর কার্যালয়ের সকল শাখা/জেলাদপ্তর হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্যও পরামর্শ প্রদান করেন।

সভায় ২০২১-২০২২ অর্থবছরের খসড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত সকলে উক্ত কর্মপরিকল্পনা সম্পর্কে অবগত হন এবং মন্তব্য যুক্ত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করে কয়েকটি বিষয়ের উপর সংশোধনী দেন। সেগুলো সংশোধন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা যেতে পারে মর্মে সকলে একমত পোষন করেন।

বিস্তারিত আলোচনাশেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১) প্রতি কোয়ার্টারে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন প্রতি কোয়ার্টারের শেষ কর্মদিবসে মধ্যে দাখিল করতে হবে;

২) শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্থন কার্যালয় পরিদর্শনপূর্বক প্রতিবেদন দিতে হবে;

৩) সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাস করতে হবে;

৪) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে  ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে;

৫) ২০২০-২০২১  অর্থবছরের  জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল শাখা/জেলা  ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পুরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ঘাটতিসহ ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে;

৬) নিয়মিত প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করতে হবে;

৭) সিটিজেন চার্টার অনুযায়ী ১০০%  সেবা নিশ্চিত করতে হবে;

৮) সেবা প্রদানের ক্ষেত্রে বিআরডিবি'র  সকল  কর্মকর্তা-কর্মচারীকে শতভাগ সততা ও নিষ্ঠার সাথে কাজ করতে হবে;

৯) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার আলোকে সংশ্লিষ্ট সকলকে কর্মপরিবেশের উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির জন্য নতুন নতুন উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ করতে হবে;

১০) কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছনতা বৃদ্ধি করতে হবে;

১১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২০-২০২১ এর  ১০.১ নং সূচকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অনুসারে আগামী ২৫ জুন ২০২১ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান নিশ্চিত করতে হবে;

১২। মহাপরিচালক বিআরডিবি, কে বিআরডিবি'র মাঠপর্যায়ের শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটির উপদেষ্টার দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো।

১৩) শুদ্ধচার পুরস্কার প্রদান কমিটির সভাপতি'র সম্মানী ৪,০০০/- (চার হাজার) টাকা ও সদস্যদের সম্মানী ২,০০০/- (দুই হাজার) টাকা এবং মাঠকার্যালয়ের শুদ্ধচার পুরস্কার প্রদান কমিটির উপদেষ্টা এর সম্মানী ৪,০০০/- (চার হাজার) সভাপতি'র সম্মানী ৩,০০০/- (তিন হাজার) টাকা ও সদস্যদের সম্মানী ২,০০০/- (দুই হাজার)টাকা হারে প্রদান করা যাবে।

১৪) ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর খসড়ার উপর আনীত সংশোধনী সংশোধন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় উপস্থাপিত হয়নি। অতঃপর সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এম.এম.মাসুদুর রহমান (যুগ্ম সচিব)
পরিচালক (প্রশাসন)
বিআরডিবি, ঢাকা

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.৩৯৮.১৯. ৫৪৭৮ তারিখঃ ১৫/০৬/২০২১ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। প্রকল্প/কর্মসূচি পরিচালক ........................................ বিআরডিবি, ঢাকা/গাইবান্ধা।
২। উপপরিচালক ................................................বিআরডিবি, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪। উপপরিচালক (সকল), জেলাদপ্তর ................................., বিআরডিবি।
৫। সংশ্লিষ্ট নথি।

মোঃ নুরুজ্জামান
উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা)
ফোনঃ ৮১৮০০১৮